# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## হাইকোর্ট বিভাগ, ঢাকা।

বিজ্ঞপ্তি নম্বর- ১৮/২০১৬ এ তারিখঃ- ১৮/০২/২০১৬ খ্রিঃ।

**বিষয়ঃ- অতিরিক্ত জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাগণসহ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, প্রতি বছর ১৫ ফেব্রুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ. সি. আর) অত্র কোর্টে প্রেরণের নির্দেশনা থাকলেও অনেক বিচার বিভাগীয় কর্মকর্তার ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ. সি. আর) অদ্যাবধি প্রেরণ করা হয়নি। বিশেষতঃ অতিরিক্ত জেলা জজ হতে জেলা জজ পদে পদোন্নতির প্যানেল প্রস্তুতের নিমিত্ত অত্র কোর্ট হতে অতিরিক্ত জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাদের ডোসিয়ার আইন ও বিচার বিভাগে পাঠানোর জন্য আইন ও বিচার বিভাগ হতে অত্র কোর্টে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু দেখা যায় যে, অতিরিক্ত জেলা জজ পদমর্যাদার বেশ কিছু কর্মকর্তার ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ. সি. আর) সংশ্লিষ্ট অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক অত্র কোর্টে অদ্যাবধি প্রেরণ করা হয়নি। উল্লিখিত কর্মকর্তাদের ২০১২ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ. সি. আর) পর্যালোচনায় তাঁদেরকে যুগ্ম জেলা জজ হতে অতিরিক্ত জেলা জজ পদে পদোন্নতি প্রদান করা হয়। এসব কর্মকর্তার ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ. সি. আর) না থাকার কারণে অতিরিক্ত জেলা জজ হতে জেলা পদে পদোন্নতি সংক্রান্ত প্রক্রিয়া মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। ফলে উক্ত পদোন্নতি প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে অনতিবিলম্বে অতিরিক্ত জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাদের মধ্যে যে সকল বিচার বিভাগীয় কর্মকর্তার ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ. সি. আর) অনুবেদনকারী কর্মকর্তাগণ কর্তৃক যথাযথভাবে পূরণ করে অদ্যাবধি অত্র কোর্টে প্রেরণ করা হয়নি, সেসকল বিচার বিভাগীয় কর্মকর্তার ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ. সি. আর) অনতিবিলম্বে অত্র কোর্টে প্রাপ্ত হওয়া আবশ্যক।

০২। এমতাবস্থায় অতিরিক্ত জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাগণসহ যে সকল বিচার বিভাগীয় কর্মকর্তার ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ. সি. আর) অনুবেদনকারী কর্মকর্তাগণ কর্তৃক যথাযথভাবে পূরণ করে অদ্যাবধি অত্র কোর্টে প্রেরণ করা হয়নি, সেসকল বিচার বিভাগীয় কর্মকর্তার ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ. সি. আর) যথাযথভাবে পূরণ করে অনুবেদনকারী কর্মকর্তাগণ কর্তৃক অনতিবিলম্বে অত্র কোর্টে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**স্বাঃ/-**


(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd


স্মারক নং- ১৬৮৬(৩৫) এ, তারিখঃ ১৮/০২/২০১৬ খ্রিঃ

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------ ----- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, --- --------------------------- ---------------------------- (সকল)।
৪। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর,ঢাকা।
৫। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৮। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,-------------------------------------------- (সকল)।
৯। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১০। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১১। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
১২। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৩। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
১৪। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৫। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৬। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৭। মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে ২০১৩ ও ২০১৪ খ্রিঃ সালের এ.সি.আর অনুবেদনকারী কর্মকর্তার নিকট দাখিলের উদ্দেশ্য বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

১৮। কনসালট্যান্ট (জেলা জজ) BEZA প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
১৯। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----------------------------------(সকল)।
২০। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমনট্রাইব্যুনাল, ---------------------------- (সকল)।
২১। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমনট্রাইব্যুনাল,------ ------------- (সকল)।
২২। বিচারক (জেলা জজ), দ্রুত বিচারট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
২৩। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
২৪। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ----------------------------------------------- (সকল)।
২৫। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------(সকল)।
২৬। সদস্য (জেলা জজ), কাস্টমস্, এক্সসাইজ ও ভ্যাট আপীলাতট্রাইব্যুনাল,----------------- (সকল)।
২৭। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২৮। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৯। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
৩০। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
৩১। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৩। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৪। আইন উপদেষ্টা, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), ঢাকা।
৩৫। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা। (সংরক্ষনের জন্য)
৩৬। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

Aktaruzzaman 18.02.16

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন ঃ ৯৫৬১৯৩২।